MAR 30 2

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা অনাধুনিক

## কারি মোজাম্মেল হোসাইনের সাক্ষাৎকার



হাফেজ মুহাম্মদ মোজাম্মেল হোসাইন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কারিদের একজন। একই সঙ্গে তিনি হাফেজে কোরআন ও আলেম। পেশাগত জীবনে ঢাকা বেগম বাজার শাহী মসজিদের খতিব। তাছাড়া নিয়মিত এটিএন বাংলা অনুষ্ঠানে এবং মাঝে মাঝে বিটিভিসহ বিভিন্ন ওয়াজ মাহফিল, সেমিনার-সিম্পোজিয়ামে পবিত্র কোরআন তেলাওয়াত করে থাকেন। কারি মোজাম্মেল পৃথিবীর বেশ কয়েকটি আন্তর্জাতিক কেরাত প্রতিযোগিতায় কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন। বিশেষত ১৯৯৬ সালে মিসরে অনুষ্ঠিত আন্তর্জাতিক কেরাত প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে দেশের মুখ উজ্জ্বল করেছিলেন। এ প্রতিভাবান তরুণ ২২ মে ১৯৭৭ সালে জন্মগ্রহণ করেন।

**যুগান্তর :** পাঠ্যপুস্তক থেকে মানুষ কতটুকু জ্ঞানী হতে পারে বলে আপনি মনে করেন?

**কারি :** জ্ঞান অর্জনের জন্য পাঠ্যপুস্তকের বেশ গুরুত্ব রয়েছে। তবে কেবল পাঠ্যপুস্তক পড়েই যে মানুষ জ্ঞানী হবে– এমন নয়।

**যুগান্তর :** মসজিদে আপনাকে যে সম্মানী দেয়া হয়, তা কি সন্তোষজনক?

**কারি :** জ্বি। সন্তোষজনক।

**যুগান্তর :** কয়েক মাসের মাইনে বাকি পড়ে গেছে– এমনটি কি কখনও হয়েছে?

**কারি :** না। বেগমবাজার শাহী মসজিদে বেতন কখনও বাকি পড়ে না।

**যুগান্তর :** নামাজে মুসল্লিদের দুনিয়ারী চিন্তা আসলে কি করা উচিত বলে আপনি মনে করেন?

**কারি :** নামাজে দুনিয়ারী চিন্তা আসলে মনকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করা উচিত। তাছাড়া অবসরে আল্লাহ ও মৃত্যু স্মরণ এবং বেশি বেশি এস্তেগফার পড়লে নামাজে দুনিয়ারী চিন্তা কম আসবে।

**যুগান্তর :** নামাজ একজন নামাজীকে পবিত্র করে কিন্তু বাংলাদেশের অনেক নামাজীর ক্ষেত্রে এ ভাবটা খুব কম দেখা যায়, আপনার মন্তব্য কি?

**কারি :** এর নানা কারণ রয়েছে। তার উল্লেখযোগ্য কারণ হচ্ছে– আমরা যারা নামাজ আদায় করি, তারা বুঝি না যে, আমরা নামাজে কি পড়ছি। আর এমনটি এ জন্যই হয়েছে যে, আমাদের সাধারণ শিক্ষা ব্যবস্থায় ইসলামী শিক্ষা নেই বললেই চলে। তাই নামাজে কি পড়ছে তারা নিজেরাও জানে না। সুতরাং আমি মনে করি আমরা নামাজে সাধারণত যে সূরাগুলো তেলাওয়াত করে থাকি, সেগুলোর অর্থও সঙ্গে সঙ্গে আয়ত্ত করে নেয়া উচিত।

**যুগান্তর :** বর্তমানে ইমাম সাহেবরা কেবল মসজিদেই পড়ে আছেন, সমাজের নেতা হতে পারছেন না– এর কি কারণ বলে আপনি মনে করেন?

**কারি :** এটির মূল কারণ হচ্ছে দেশের দ্বিমুখী শিক্ষা ব্যবস্থা– একদিকে আধুনিক শিক্ষা, অন্যদিকে মাদ্রাসা শিক্ষা। আর মাদ্রাসা শিক্ষায় আধুনিক শিক্ষা না থাকায় মাদ্রাসা পড়ুয়া ইমাম সাহেবরা দুনিয়ার অনেক কিছুর খোঁজ-খবর রাখেন না। তাই তারা সমাজের নেতৃত্বে আসতে পারছেন না। আমি মনে করি দেশে ইসলামী ও আধুনিক শিক্ষার সমন্বয়ে একটি শিক্ষা ব্যবস্থা চালু থাকলে এ সমস্যা কেটে যাবে।

**যুগান্তর :** ইমাম সাহেব পাঁচ ওয়াক্ত নামাজের পরও কিভাবে মুক্তাদিদের সঙ্গে সম্পর্ক ধরে রাখতে পারেন বলে আপনি মনে করেন?

**কারি :** ইমাম সাহেব পাঁচ ওয়াক্ত নামাজের বাইরে তাদের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক গড়ে তুলতে চেষ্টা করা এবং তাদের সুখ-দুঃখের সাথী হতে হবে। তাহলে নামাজের বাইরেও ইমাম-মুক্তাদির সম্পর্ক বজায় থাকবে এবং এটি দ্বীনি দাওয়াতের ক্ষেত্রে ভাল ভূমিকা রাখবে বলে মনে করি।

**যুগান্তর :** মসজিদকেন্দ্রিক মার্কেট গড়ে উঠাকে আপনি কোন দৃষ্টিতে দেখেন?

**কারি :** মসজিদের মার্কেট যদি মসজিদ ও নামাজের পরিবেশে বিঘ্ন না ঘটায় তবে সেই মার্কেট অবশ্য ভাল। কারণ, সেই মার্কেটের আয়ে মসজিদ ও মসজিদের স্টাফ সাচ্ছলতার সঙ্গে হয়তো চলতে পারবে এবং একই কারণে মানুষের অনুদানের জন্য দ্বারস্থ হতে হবে না।

**যুগান্তর :** সমাজ উন্নয়নে ইমামগণ কি কি ভূমিকা পালন করতে পারেন বলে আপনি মনে করেন?

**কারি :** সমাজ উন্নয়নে ইমাম সাহেবগণ ভাল ভূমিকা রাখতে পারেন। কারণ, তারাই সমাজের অনেক মানুষের কাছে নামাজের মধ্যে দি[…] অন্তত পাঁচবার মিলিত হওয়ার সুযোগ পে[…] থাকেন। ফলে সমাজের নানা সুবিধা-অসুবিধা[…] কথা তাদের সবচেয়ে বেশি জানার সুযো[…] রয়েছে। তাই আমি মনে করি ইমাম-সমাজে[…] সচেতনতা ও সরকারি সহযোগিতার সমন্ব[…] হলে ইমাম সাহেবগণই সমাজ উন্নয়নে সবচে[…] বেশি ভূমিকা রাখতে পারবেন।

**যুগান্তর :** নামাজ তো পুরুষ-নারী নির্বিশে[…] সবার জন্যই ফরজ। তবে বাংলাদেশে[…] মসজিদে মহিলাদের নামাজ আদায়কে আপ[…] কিভাবে দেখেন?

**কারি :** নারীরা ঘরে নামাজ আদায় করবে[…] এটিই সাধারণ নিয়ম। তবে বহির্বিশ্বে[…] অনেকখানেই নারীদের মসজিদে নামাজ আদা[…] করতে দেখা যায়। কিন্তু এরও একটি কার[…] রয়েছে যে, সেসব দেশে নারীদের যতট[…] নিরাপত্তা রয়েছে, এখানে ততটা নেই– তাই [...] দেশে সেসব দেশের দৃষ্টান্ত প্রযোজ্য নয়।

**যুগান্তর :** যুব সমাজকে কেবল জুমার নামাজে[…] নয়, বরং পাঁচ ওয়াক্ত নামাজে তাদের আনা[…] প্রক্রিয়া কি হতে পারে বলে আপনি ম[…] করেন?

**কারি :** এ ক্ষেত্রে মুখ্য ভূমিকা হচ্ছে অভিভাবকদের। তারা যদি জুমার নামাজ পড়ুয়া সন্তানটিকে পাঁচ ওয়াক্ত নামাজে পাঠানোর উদ্যোগ নেন আমি মনে করি এতেই সবচেয়ে বেশি সুফল পাওয়া যাবে।

*সাক্ষাৎকার গ্রহণে*

**মাওলানা লিয়াকত আমিনী**